

🔳 আল-ফুরকান | Al-Furqan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ৭

💵 আরবি মূল আয়াত:

وَ قَالُوا مَالِ هٰذَا الرَّسُولِ يَاكُلُ الطَّعَامَ وَ يَمشِى فِى الاَسوَاقِ اَ لَو لَا أَنْ لَا اللَّعَامَ وَ المَسْعِي فِي الاَسوَاقِ اَ لَو لَا أُنْزِلَ اللَّهِ مَلَكٌ فَيَكُونَ مَعَةُ نَذِيرًا ﴿٧﴾

আর তারা বলে, 'এ রাসূলের কী হল, সে আহার করে এবং হাটে-বাজারে চলাফেরা করে; তার কাছে একজন ফেরেশতা পাঠানো হল না কেন, যে তাঁর সাথে সতর্ককারী হত'? — আল-বায়ান

তারা বলে- 'এ কেমন রসূল যে খাবার খায়, আর হাট-বাজারে চলাফেরা করে? তার কাছে ফেরেশতা অবতীর্ণ হয় না কেন যে তার সঙ্গে থাকত সতর্ককারী হয়ে? — তাইসিকল

তারা বলেঃ এ কেমন রাসূল যে আহার করে এবং হাটে বাজারে চলাফিরা করে? তার কাছে কোন মালাক/ফেরেশতা কেন অবতীর্ণ করা হলনা যে তার সাথে থাকত সতর্ককারী রূপে? — মুজিবুর রহমান

And they say, "What is this messenger that eats food and walks in the markets? Why was there not sent down to him an angel so he would be with him a warner? — Sahih International

৭. আরও তারা বলে, এ কেমন রাসূল যে খাওয়া-দাওয়া করে এবং হাটেবাজারে চলাফেরা করে; তার কাছে কোন ফিরিশতা কেন নাযিল করা হল না. যে তার সঙ্গে থাকত সতর্ককারীরূপে?

তাফসীরে জাকারিয়া

- (৭) ওরা বলে, 'এ কেমন রসূল, যে আহার করে এবং হাটে বাজারে চলাফেরা করে![1] তার নিকট কোন ফিরিশতা অবতীর্ণ করা হল না কেন; যে সতর্ককারীরূপে তার সঙ্গে থাকত? [2]
 - [1] কুরআনের উপর আঘাত হানার পর রাসূলের উপর আঘাত হানা হচ্ছে এবং তা রাসূলের মানুষ হওয়ার জন্য। তাদের ধারণা ছিল মানুষ রিসালাত ও নবুঅতের যোগ্য নয়। সেই জন্য তারা বলত, এ কেমন রাসূল, যে খায়-পান করে, বাজারে আসে-যায়! আমাদেরই মত মানুষ! রসূলের তো মানুষ হওয়ার কথা নয়।
 - [2] উপরোক্ত আপত্তি হতে এক ধাপ নিচে নেমে বলা হচ্ছে, আর কিছু না হোক, কমসে কম একজন ফিরিশতাই





তার সহায়ক ও সত্যায়নকারীরূপে থাকতে পারত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2862

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন